



সোনালী ব্যাংক পিএলসি
সাধারণ ঋণ বিভাগ-২
স্থানীয় কার্যালয়, ঢাকা।

অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারার বিধান মতে

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, সাধারণ ঋণ বিভাগ-২, স্থানীয় কার্যালয়, ঢাকা এর খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান “এসটি বিজনেস এ্যালায়েন্স লিঃ” এর পক্ষে উহার ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সালাহ উদ্দিন, পিতা- আলহাজ্ব মোঃ আবুল কাশেম, মাতা- মোছাঃ আনোয়ারা বেগম, ঠিকানাঃ ফ্ল্যাট নং-৪০৩ (৫ম তলা), স্পেকট্রা এলিশান পয়েন্ট, বাসা নং-৯৩, দক্ষিণ বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-বিশহারা বাড়ি, পোঃ+থানা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া এবং চেয়ারম্যান বেগম তাহরিমা আক্তার, স্বামীঃ মোঃ সালাহ উদ্দিন পিতা-মৃত এ.টি.এম. লুৎফর রহমান ওরফে আবু তাহের, মাতা-মনোয়ারা বেগম, ঠিকানাঃ ফ্ল্যাট নং-৪০৩ (৫ম তলা), স্পেকট্রা এলিশান পয়েন্ট, বাসা নং-৯৩, দক্ষিণ বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-বিশহারা বাড়ি, পোঃ+থানা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া এর নিকট হতে ২৫.০৬.২০২৫ তারিখ পর্যন্ত এ ব্যাংকের পাওনা ৫৪,২২,১৭৬.০০ (চুয়ান্ন লক্ষ বাইশ হাজার একশত ছিয়াত্তর টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য ব্যাংক পাওনা আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিম্নতফসিলভুক্ত সম্পত্তি নিলাম বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

জেলা- ঢাকা, থানা- সবুজবাগ, সাব-রেজিষ্ট্রার অফিস- খিলগাঁও, মৌজা- রাজারবাগ, জেএল নং- সিএস-২৮৬, এসএ-১০, আরএস-৩, সিটি জরিপ-৭, খতিয়ান নং সিএস-২৮১, এসএ-৩৩২, আরএস-৫৩০, সিটি জরিপ খতিয়ান নং-৪৭৫, ৯৯৬, ৪৩৬৮, মিউটেশন খতিয়ান নং-১৪৭৯০, জোত নং-১২৬/৬৫, দাগ নং- সিএস-২৩৮, এসএ-১০৩৮, আরএস- ৪২০৫, সিটি জরিপ দাগ নং- ৫১০৩, জমির পরিমাণ (২০৪০.৫৪ অযুতাংশ ভূমির কাতে) ৪০.৫৪ অযুতাংশ। উক্ত ভূমির উপর নির্মিত ৯তলা ভবনের ৫ম তলার কমবেশি ৯৩৫ বর্গফুট বিশিষ্ট আয়তনের ৪০৩ নং (সি-টাইপ) ফ্ল্যাট এবং নিচতলার ১টি কারপার্কিংসহ অন্যান্য যাবতীয় সুবিধাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-ফ্ল্যাট নং-৪০৪, দক্ষিণে- সরকারি ভূমি, পূর্বে-ফ্ল্যাট নং- ৪০২ (রাস্তা সংলগ্ন), পশ্চিমে-৯৪ নং দক্ষিণ বাসাবো। মালিক- তাহরিমা আক্তার।

-ঃ শর্ত সমূহ :-

- ০১) আগামী ৩০ জুলাই, ২০২৫ তারিখ রোজ বুধবার বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, সাধারণ ঋণ বিভাগ, স্থানীয় কার্যালয়, ঢাকায় রক্ষিত দরপত্র বাঞ্ছা জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌঁছাইতে হইবে।
- ০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- ০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল :-

	আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর অনূর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

চলমান পত্র নং-০২



- ০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- ০৬) দরপত্র দাতা তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তর/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- ০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- ১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।



(মোঃ শামীম আজাদ)

ডেপুটি জেনারেল ম্যানেজার

মোবাইল-০১৬৭৫৬৫০২৪৩